যুগান্তর

তারিখ ... 12 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৬ ... ......

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন

# সংসদে শিক্ষক নিয়োগ সংক্রান্ত প্রশ্ন উত্থাপন করলেন সালমা ইসলাম

**সংসদ রিপোর্টার**

জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে সংসদ সদস্য অ্যাডভোকেট সালমা ইসলাম প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষক নিয়োগ সংক্রান্ত প্রশ্ন উত্থাপন করেছেন। বৃহস্পতিবার বিরোধী দল জাতীয় পার্টির অ্যাডভোকেট সালমা ইসলাম লিখিত প্রশ্নে বলেন, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অধিকতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা? থাকলে কোন প্রক্রিয়ায় নিয়োগ করা হবে?

এর জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে ইতিমধ্যে শিক্ষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার মানোন্নয়ন করা হয়েছে। ১৯৯১ সালে জারিকৃত প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধিমালা অনুযায়ী শিক্ষক নিয়োগ ২০১২ সাল পর্যন্ত বলবৎ ছিল। কিন্তু ২০১৩ সালে অধিকতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রাথমিক শিক্ষক

**করলেন : পৃষ্ঠা ৭ : কলাম ১**